ক্রয়কারীর নামঃ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭

পণ্যের নাম

| ক্রমিক নং | মালামালসমূহ | Brand and Technical Specifications | প্রস্তাবিত ক্রয়ের পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | কলম | Ball pen- Black (Matador)<br>Hi-School, Ballpoint Pen<br>(Oil Gel) (0.5 mm) | ১৪৪ টি |
| ০২ | হাইলাইটার (সবুজ) | Faber- Castell<br>Textliner 48 Refill<br>Paper.Copy.Fax | ১২ টি |
| ০৩ | ট্রান্সপারেন্ট প্লাস্টিক ফোল্ডার | Transparent Plastic Folder (Huajie)<br>HE310B (18C)<br>12.1 Inch × 8.5 Inch | ৩০০ টি |
| ০৪ | কাগজ (এ৪ সাইজ) | Offset A4 Size Paper (Paper One)<br>A4, 80g/m$^2$ (210 × 297 mm)<br>500 Sheets Per Rim | ২০০ রিম |
| ০৫ | এরোসল | Aerosol (ACI)<br>Insect Spray<br>475 ml | ৩২ টি |
| ০৬ | সাবান | Toilet Soap (Savlon)<br>30 gram | ১২০ টি |
| ০৭ | রিমোট ব্যাটারী | Remote Battery (Sunlite / Olympic)<br>Heavy Duty<br>um 4 (R-03P) AAA, 1.5 v | ২৪ জোড়া |
| ০৮ | ফেসিয়াল টিস্যু বক্স | Facial Tissue Box (Bashundhara)<br>Facial Tissue Perfumed,<br>(120 pcs× 2 ply) | ৪৫০ বক্স |
| ০৯ | হ্যান্ড টাওয়াল টিস্যু | Hand Towel Tissue (Bashundhara)<br>250 Pcs× 1 ply | ৮০০ প্যাকেট |
| ১০ | টয়লেট পেপার | Toilet paper (Bashundhara)<br>Toilet Tissue,White,<br>Quantity: 174 sheets × 2 ply<br>Net weight:76 gram | ১০৮০ প্যাকেট |
| ১১ | গামছা | Gamsa Standard, Cotton, Big Size<br>(78 Inch × 38 Inch) | ১২ টি |

উপরোক্ত পণ্যের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল

কোটেশন নম্বর : বিএসইসি/প্রশাসন/১৩:৩৫/২০২৪/RFQ-০১/৬৬২ তারিখ: ১৮/০৭/২০২৪

প্রতি,

[সম্ভাব্য দরপত্রদাতার নাম ও ঠিকানা লিখুন].....

১। জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ), ক্রয়কারী এর অনুকূলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন থেকে তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২। ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩। 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে ২৯ জুলাই, **২০২৪ বেলা ২.০০** ঘটিকার বা উহার পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে "স্টেশনারী ও ওয়াশরুমের মালামাল সরবরাহের জন্য কোটেশন" এবং মাধ্যমে **২৯ জুলাই, ২০২৪ বেলা ২.০০** ঘটিকার এর পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৫০ (পঞ্চাশ) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাইবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১২। দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা যাইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৩। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ **বৈধ ট্রেড লাইসেন্স, ট্যাক্স পেমেন্ট সার্টিফিকেট ও ভ্যাট নিবন্ধন নম্বরের** সত্যায়িত অনুলিপি এবং **কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক স্বচ্ছলতার** সনদ দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৫। উদ্ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

১৬। ক্রয় আদেশ জারির তারিখ হইতে ১০ (দশ) দিনের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

১৭। ক্রয়াদেশ, যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্যপালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৫ (পাঁচ) দিনের মধ্যে জারি করিতে হইবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করিবে।

কোটেশন আহ্বানকারী কর্মকর্তার স্বাক্ষর

১৮.০৭.২০২৪

নাম: জিয়াউর রহমান

পদবি: উপ পরিচালক

তারিখ: ১৮/০৭/২০২৪

ঠিকানা: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

ফোন নম্বর : ০১৭৫৯০০১১৯৩, ই-মেইল : ziang@sec.gov.bd